

(৬৬)

১৭/৩-খা/সমবায়/৩
৬-৩৩/১৬-৬৬
ফাইল নং- ৪১৬৩/০৬
তারিখঃ ২০/০২/০৮ইং

পরিপত্র

সমন্বিত প্রধান উপদেষ্টার কার্যালয় কর্তৃক বাস্তবায়নধীন আবাসন প্রকল্পের উদ্যোগে ক্রিড ২২/১১/০৭ ইং ও ২৪/১১/০৭ ইং তারিখে সমবায় অধিদপ্তরের জেলা সমবায় কর্মকর্তা ও উপজেলা সমবায় কর্মকর্তাগণকে নিয়ে অনুষ্ঠিত কর্মশালার সুপারিশসমূহ আবাসন প্রকল্প জরুরি সমবায় অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। উক্ত কর্মশালাসমূহের সুপারিশের আদ্যোকে নিম্নে-বর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করা প্রয়োজনঃ

- ১। ঋণ পূরণের জন্য সুবিধাজোগীদের নিয়ে গঠিত দলের কোন সদস্য ঋণ/কিস্তি পরিশোধে ব্যর্থ হলে প্রয়োজনে তাকে বাদ দিয়ে দল পুনর্গঠন করে ঋণ কার্যক্রম পরিচালনা করা যাবে।
- ২। ঋণের টাকার পরিশোধ হওয়ার পূর্বে কোন ঋণ গ্রহীতা মারা গেলে বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আবাসন প্রকল্প কার্যালয়কে অবহিত করতে হবে।
- ৩। কোন উপকারভোগী পরিবার ঋণ পরিশোধ না করে অন্যত্র চলে গেলে তার নতুন ঠিকানা খুঁজে বের করে নতুন ঠিকানা সংশ্লিষ্ট উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার ও ইউপি চেয়ারম্যানের সহায়তায় ঋণ আদায় নিশ্চিত করতে হবে। প্রয়োজনে উপজেলা নির্বাহী অফিসার বরাবরে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।
- ৪। এক বছরের গৃহীত ঋণ অন্য বছরে পরিশোধ করলে প্রত্যেকের অতিরিক্ত বছরের সার্ভিস চার্জ হিসাব করে সার্ভিস চার্জের পরিমাণ পুনর্ধারণ করতে হবে।
- ৫। স্ত্রীস্বদের ঋণ প্রদান করা যাবে না।
- ৬। যেসব ক্ষেত্রে ঋণ প্রদানের জন্য প্রশিক্ষণের প্রয়োজন তা না সেসব ক্ষেত্রে প্যাকেজ প্রশিক্ষণ না দিয়েও ঋণ প্রদান করা যাবে।
- ৭। বেটন হাউস সার্ভে করার সময় আবাসন প্রকল্প থেকে যদি কোন উপকারভোগী চলে যাওয়ার আশংকা থাকে মর্মে প্রতীয়মান হয় সে সকল উপকারভোগীদের সংখ্যা নিরূপণপূর্বক উপজেলা সমবায় অফিসার পরামর্শে উপজেলা নির্বাহী অফিসারকে লিখিতভাবে প্রস্তাব করতেঃ আবাসন প্রকল্প কার্যালয়কে বিষয়টি অবহিত করবেন।
- ৮। প্রকল্পের পক্ষে সরকারী খাস জমিতে কোন পুকুর থাকলে তাতে সমবায়ের কিস্তিতে আবাসন প্রকল্পের উপকারভোগীরা মাছ চাষ করতে পারবে।
- ৯। আশ্রয়/আবাসন প্রকল্পের কোন ব্যারাক হাউজ কোন কারনে ক্ষতিগ্রস্ত হলে তা মেরামতের জন্য উপজেলা সমবায় অফিসারগণ আবাসন প্রকল্প কার্যালয়কে অবহিত করবেন।

স্বাক্ষরিত/- মোঃ মাসুদ ইলাহী
নির্বাহক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

তারিখঃ ২০/০২/০৮ইং

স্মারক নং- এমআইএস/১৮৩/২০০৭/- ৬৩ (৫৪৩)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। প্রকল্প পরিচালক, আবাসন প্রকল্প, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। স্থায়ী নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা।
- ৩। জেলা সমবায় অফিসার,
- ৪। উপজেলা সমবায় অফিসার,
- ৫। নিবন্ধক মহোদয়ের একক সত্বকারী সমবায় অধিদপ্তর, ঢাকা। নিবন্ধক মহোদয়ের সদয় অবগতির জন্য

(স্বরত ভৌমিক)
উপ নিবন্ধক (এমআইএস)
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৮১৫৪০২৫

০২/০২/০৮